

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯: ৪৮

া আরবি মূল আয়াত:

وَ بَدَا لَهُم سَيِّاتُ مَا كَسَبُوا وَ حَاقَ بِهِم مَّا كَانُوا بِهِ يَستَهزِءُونَ ﴿٢٨﴾

🗚 অনুবাদসমূহ:

আর তারা যা অর্জন করেছিল তার মন্দ ফল তাদের কাছে প্রকাশ হয়ে পড়বে এবং যা নিয়ে তারা ঠাট্টা-বিদ্রূপ করত তা-ই তাদেরকে পরিবেষ্টন করবে। — আল-বায়ান

তাদের কৃতকর্মের মন্দ রূপ সেদিন প্রকাশ হয়ে পড়বে, আর তারা যা নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করত তাই তাদেরকে ঘিরে ফেলবে। — তাইসিরুল

তাদের কৃতকর্মের মন্দ ফল তাদের নিকট প্রকাশ হয়ে পড়বে এবং তারা যা নিয়ে ঠাট্টা বিদ্রুপ করত তা তাদেরকে পরিবেষ্টন করবে। — মুজিবুর রহমান


And there will appear to them the evils they had earned, and they will be enveloped by what they used to ridicule. — Sahih International

৪৮. আর তারা যা অর্জন করেছিল তার মন্দ ফল তাদের কাছে প্রকাশ হয়ে পড়বে এবং তারা যা নিয়ে ঠাট্রা-বিদ্রুপ করত তা তাদেরকে পরিবেষ্ট্রন করবে।

তাফসীরে জাকারিয়া

- (৪৮) ওদের কৃতকর্মের মন্দ ফল ওদের নিকট প্রকাশ হয়ে পড়বে[1] এবং ওরা যা নিয়ে ঠাটা-বিদ্রূপ করত, তা ওদেরকে পরিবেষ্টন করবে।[2]
 - [1] অর্থাৎ, দুনিয়ায় যেসব হারাম ও অন্যায় কার্যকলাপে তারা জড়িত ছিল, তার শাস্তি তাদের সামনে এসে যাবে।
 - [2] সেই আযাব তাদেরকে ঘিরে ফেলবে, যাকে দুনিয়াতে তারা অসম্ভব মনে করত এবং যার কারণে সে (আযাবের) ব্যাপারে তারা ঠাট্টা-বিদ্রূপও করত।

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন